DN
১৪৯
২৩/১০/১৭


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
( আইসিটি শাখা )
www.barisaldiv.gov.bd


০১ কার্তিক ১৪২৪ ব.

স্মারক নং -০৫.১০.০০০০.০১১.০১.০০৬.১৭- ৬১৯ তারিখ ঃ --------------------

১৬অক্টোবর ২০১৭ খ্রি.

বিষয় ঃ ইনোভেশন টিমসমূহের সেপ্টেম্বর, ২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সূত্র ঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বরঃ ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.১৬৮, তারিখ ঃ ২৬ মে, ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বরিশাল বিভাগের ৬ টি জেলায় অনুষ্ঠিত ইনোভেশন টিমসমূহের সেপ্টেম্বর, ২০১৭ খ্রি. মাসের কার্যবিবরণী মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ১৩ (তেরো) ফর্দ।


(মোঃ শহিদুজ্জামান)
বিভাগীয় কমিশনার
বরিশাল
ফোন ঃ ০৪৩১-৬৫০২৪
ই-মেইল ঃ divcombarisal@mopa.gov.bd


মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)

১৪৯
২৩/১০/১৭

বিভাগীয় কমিশনারের কার্যালয়
বরিশাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd

**২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত জেলা আইসিটি ও ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ হাবিবুর রহমান, জেলা প্রশাসক, বরিশাল

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল

সময় : বিকাল ৩.৩০ টা

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। জেলা পর্যায়ে আইসিটি'র বিকাশ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকতর ব্যবহার, ডিজিটাল বাংলাদেশ বির্নিমাণের লক্ষ্যে জেলা ও উপজেলা আইসিটি ও ইনোভেশন কমিটির সভা নিয়মিত আয়োজনের প্রতি সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। যে সকল দপ্তর তাদের প্রস্তাবিত ইনোভেশন আইডিয়া উপস্থাপন করেনি সে সকল দপ্তর প্রধানকে ইনোভেশন নির্দিষ্ট ফরমেটে উপস্থাপনের নিদের্শেনা প্রদান করা হয় এবং মাল্টিমিডিয়া ক্লাসরুমের অগ্রগতি সভায় বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) বরিশাল-কে বিগত সভার কার্যবিবরণী পাঠ করতে অনুরোধ করা হয় ও কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় । অতপর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১: জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন /দর্শন:

| ক্রমিক | কর্মকর্তা | ইউডিসি পরিদর্শন |
|---|---|---|
| (ক) | জেলা প্রশাসক, বরিশাল | ০৪টি |
| (খ) | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল | ০২টি |

২: উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য:

| ক্র: নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসি এর সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসির এর মাসিক মোট আয় টাকা | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| (ক) | বরিশাল সদর | ২৫-০৮-২০১৭ | হ্যাঁ | ১০টি | ০১টি | ০১টি | ৪৯,৪৬৪/- | ১১৬১ | |
| (খ) | বাকেরগঞ্জ | ২৮-০৮-২০১৭ | হ্যাঁ | ১৪টি | ০১টি | ০২টি | ১৭,৬৭৫/- | ২৭২ | |
| (গ) | বাবুগঞ্জ | ২০-০৮-২০১৭ | হ্যাঁ | ০৬টি | ০২টি | ০৪টি | ১৮,৫৬০/- | ২১৫ | |
| (ঘ) | বানারীপাড়া | ২০-০৮ ২০১৭ | হ্যাঁ | ০৮টি | ০১টি | ০১টি | ৪৫,০০০/- | ৭৫০ | |
| (ঙ) | গৌরনদী | ৩০-০৮-২০১৭ | হ্যাঁ | ০৭টি | ০৪টি | ০৩টি | ৬৭,৬০০/- | ৪৯৫ | |
| (চ) | উজিরপুর | ১০-০৮-২০১৭ | হ্যাঁ | ০৯টি | ০১টি | ০২টি | ৮৭,৬৬৬/- | ২০৮৪ | |
| (ছ) | আগৈলঝাড়া | ২০-০৮-২০১৭ | হ্যাঁ | ০৫টি | - | ০৫টি | ৭,৫২০/- | ৭৮ | |
| (জ) | হিজলা | ২৭-০৮-২০১৭ | হ্যাঁ | ০৬টি | ০৬টি | ০৬টি | ৫০,৫৫০/- | ১০২২ | |
| (ঝ) | মুলাদী | ২১-০৮-২০১৭ | হ্যাঁ | ০৭টি | ০১টি | ০২টি | ৯৮,৩৫৪/- | ২১৩ | |
| (ঞ) | মেহেন্দিগঞ্জ | ১৭-০৮-২০১৭ | হ্যাঁ | ১৩টি | ০২টি | ০১টি | ৮,১৮০/- | ২৭১ | |
| | সর্বমোট | | | ৮৫টি | ১৯টি | ২৭টি | ৪,৫০,৫৬৯/- | ৬৫৬১ | |

চলমান-২

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩ | **জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য:**<br>সহকারী কমিশনার (আইসিটি) সভাকে জানান যে জেলা ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করার জন্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলা দপ্তরসমূহকে তাদের আইডি ও পাসওয়ার্ড বিতরণ করা হয়েছে তারা নিজেরাই এটি আপডেট করবেন। এ কার্যালয়ে ওয়েবপোর্টাল নিয়মিত আপডেট করা জন্য সহকারী প্রোগ্রামার, বরিশাল সদর-কে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে। | জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান নিজে তদারকি করিবেন। এ কার্যালয়ে ওয়েব পোর্টাল সহকারী প্রোগ্রামার, বরিশাল সদর নিয়মিত আপডেট করবেন। | দপ্তর প্রধান (সকল) ও সহকারী প্রোগ্রামার বরিশাল সদর |
| ৪ | **ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড:**<br>সহকারী কমিশনার আইসিটি সভাকে জানান যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত আয়ের তথ্য dcms এ আপলোড করেনা। dcms এ গত আগস্ট ২০১৭ মাসে সর্বমোট আয় দেখা যায় ১,০৯,২৮২/- টাকা কিন্তু উপজেলা নির্বাহী অফিসারগণ ম্যানুয়াল পদ্ধতিতে আয় দেখিয়েছেন ৪,৫০,৫৬৯/- অনলাইনের সাথে ম্যানুয়াল পদ্ধতির আয় সামঞ্জস্যপূর্ণ নয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ ডিজিটাল সেন্টারের আয়ের তথ্য অনলাইনে নিয়মিত আপলোডের ব্যবস্থা এবং অনলাইনের সাথে ম্যানুয়াল পদ্ধতির আয় সামঞ্জস্য রেখে ইউনিয়ন ভিত্তিক আয়ের তথ্য প্রতিমাসের ০৩ তারিখের এ কার্যালয়ে প্রেরণ করবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৫ | **অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ:**<br>আগস্ট ২০১৭ মাসে অনলাইনে নকল আবেদনের সংখ্যা- ৪৯৯২টি, অনলাইনে নিস্পত্তিকৃত নকল আবেদনের সংখ্যা- ৩৪০২, পেন্ডিং আবেদন সংখ্যা- ১৫৯০টি। | অনলাইনে প্রাপ্ত নকলের আবেদন নিস্পত্তির পরিমাণ বৃদ্ধি করতে হবে। | সহকারী কমিশনার মহাফেকখানা শাখা |
| ৬ | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিস্পত্তি:**<br>জুলাই ২০১৭ মাসে অনলাইনে প্রাপ্ত পত্র সংখ্যা- ১৪৩৮টি অনলাইনে নিস্পত্তিকৃত পত্র সংখ্যা- ১৫৫৭টি, অনিস্পন্ন ডাক সংখ্যা- ৪৭৮, পত্র জারির সংখ্যা-১৮০টি। অনলাইনে কার্যক্রমের মাধ্যমে বরিশাল জেলা ১ম স্থানে আসতে সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। | ই-ফাইলিং (নথি ব্যবস্থাপনার) মাধ্যমে প্রাপ্ত ডাক পত্রজারীতে নিস্পত্তির বিষয়টি সকল শাখার সহকারী কমিশনার নিশ্চিত করবেন। | সহকারী কমিশনার (সকল শাখা) |
| ৭ | **সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত:**<br>এ কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা /কর্মচারীদের ই-মেইল ঠিকানা আছে। এ কার্যলয় হতে সকল ধরণের পত্র /আবেদন/ নোটিশ ই-মেইল মাধ্যমে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হয় এবং সংশ্লিস্ট সকল দপ্তর হতে সরকারি ই-মেইল ব্যবহারের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। | এ 'কার্যলয়ের সকল ধরণের পত্র /আবেদন হার্ড কপির পরিবর্তে ই-মেইল মাধ্যমে সংশ্লিস্টকে প্রেরণ এবং গুরুত্বপূর্ন তথ্য/ প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সহকারী কমিশনার (সকল) |

চলমান-৩

| | | | |
|---|---|---|---|
| ৮ | **উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান:** বরিশাল জেলার ১০টি উপজেলায় জুলাই ২০১৭ মাসের আইসিটি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করেছেন। | আইসিটি কমিটির সভা করে পূর্বের মাসের কার্যবিবরণী পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে নিয়মিত প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৯ | **ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় সংক্রান্ত** পল্লী বিদ্যুৎ সমিতি- ১ ও ২ সভাকে জানান যে বরিশাল জেলায় ০৪টি ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম ও পল্লী বিদ্যুৎ সমিতির প্রতিনিধিদের সাথে এ বিষয়ে একটি চুক্তি স্বাক্ষর হতে যাচ্ছে। চুক্তি পত্রের প্রতিবেদন পাওয়ার পরে এ জেলার সকল ইউডিসি হতে পল্লী বিদ্যুৎ বিল আদায় সম্ভব হবে। | সকল ইউডিসি হতে পল্লী বিদ্যুৎ বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এটুআই প্রোগ্রাম ও বিদ্যুৎ বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষ |
| ১০ | **উদ্যোক্তার তথ্য:** বরিশাল জেলায় ৮৫টি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে রয়েছে এবং ০৬টি পৌর ডিজিটাল সেন্টার ও ৩০ সিটিকর্পোরেশন ডিজিটাল সেন্টার এ প্রতিটি সেন্টারে ০২ জন করে সর্বমোট ২৪২ জন উদ্যোক্তা রয়েছে। তবে সকল সেন্টারে মহিলা উদ্যোক্তা উপস্থিতি সন্তোষজনক নয়। | যে সকল সেন্টারে মহিলা উদ্যোক্তা নাই, সে সকল সেন্টারে স্থানীয় জন প্রতিনিধিদের সাথে সভা করে মহিলা উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ: নির্বা: অফিসার ও ইউ: পি: চেয়ারম্যান / ওয়ার্ড কমিশনার |
| ১১ | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন:** শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শনের জন্য আইটিসি কমিটির সদস্যবৃন্দ এবং সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত পরিদর্শণ পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়েছে। চৌধুরী মো: শওকত হোসাইন, সহকারী প্রোগ্রামার, বরিশাল সদর আগস্ট ২০১৭ মাসে বরিশাল সদর উপজেলার ০৪টি বিদ্যালয় পরিদর্শন করেছেন মর্মে জানিয়েছেন। | সহকারী প্রোগ্রামারগণ প্রতিমাসে কমপক্ষে ০৩টি করে শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাব পরিদর্শন পূর্বক এ কার্যালয়ে প্রতিবেদন দাখিল করবেন। | সহকারী প্রোগ্রামার (সকল) বরিশাল |
| ১২ | **জেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্য:** জেলা পর্যায়ের ১০টি ব্যাচে ই-নথি প্রশিক্ষণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে বরাদ্দ পাওয়া গিয়াছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি) জানান বর্ণিত প্রশিক্ষণ নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে কথা হয়েছে প্রশিক্ষণ কার্যক্রম ডিসেম্বর ২০১৭ মাসের শেষ সপ্তাহে সম্পন্ন করার জন্য অনুরোধ জানিয়েছেন। | যারা ইতোপূর্বে ই-নথি প্রশিক্ষণ গ্রহণ করেননি সংশ্লিস্ট দপ্তর হতে প্রশিক্ষণের নিমিত্তে তাদের তালিকা প্রস্তুত করতে হবে। | সহকারী কমিশনার (আইসিটি) |
| ১৩ | **নেটওয়ার্ক কানেকটিভিটি স্থাপন:** আগস্ট ২০১৭ মাসের জেলা আইসিটি ও ইনোভেশন কমিটির সিদ্ধান্ত মোতাবকে গত ৩০/৮/২০১৭ তারিখের ০৫.১০.০৬০০.১২৭.০০. ০০১.১৭.১৬৭ নং স্মারক মাধ্যম এ জেলার জেলা পর্যায়ের সকল দপ্তরে পত্র প্রেরণ করে ইনফো সরকার প্রকল্প-২ এর নেটওয়ার্ক কানেকটিভিটির সার্বিক অবস্থা জানানোর জন্য অনুরোধ করা হয় এবং ৪২টি দপ্তরের তথ্য পাওয়া গিয়াছে। | সকল দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা-১২০৭ বরাবরে প্রেরণ করা হোক। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভাকে জানান যে বরিশাল জেলায় mmc সিসটেমে তথ্য আপডেটের হার অন্যান্য জেলার তুলনায় খুবই কম। মেহেন্দিগঞ্জ ও বাকেরগঞ্জ উপজেলায় আগস্ট ২০১৭ মাসে mmc এ ১০০% পাঠদান করায় তাদেরকে ধন্যবাদ দেয়া হলো। অন্যদিকে আগৈলঝাড়া, হিজলা ও উজিরপুর এর তথ্য আপলোডের হার কম হওয়ায় তাদেরকে তিরস্কার করা হলো। | আগামী সভার পূর্বে সকল উপজেলায় ১০০% mmc সিসটেমে তথ্য আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা শিক্ষা অফিসার<br>ও<br>উপ: মাধ্য: শিক্ষা অফি: বরিশাল (সকল) |
| ১৫ | **জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভাকে জানান যে জেলা প্রশাসনের ক্লোজ চ্যাটিং গ্রুপে প্রাপ্ত সকল সমস্যা দ্রুত সমাধান করা হয়। এছাড়া বরিশাল জেলায় facebook ব্যবহার করে জেলাপ্রশাসনসহ বিভিন্ন দপ্তরের নাগরিক সমস্যার সমাধান করা হয়। তবে সকল অফিস আগের চাইতে অনেক সচেতন হয়েছে তারা নিয়মিত ফেইস বুক ওপেন করেন এবং সমস্যার সমাধান করতে চেষ্টা করছেন। | বরিশাল জেলার সকল দপ্তর প্রধান তাদের দপ্তরের গুরুত্বপূর্ণ তথ্যসমূহ ফেইসবুকে আপলোড করবেন যাতে নাগরিকগণ সহজেই facebook এর মাধ্যমে সেবা সমূহ পেতে পারেন। | বরিশাল জেলার সকল দপ্তর প্রধান ও সহকারী কমিশনার (আইসিটি) |
| ১৬ | **বিবিধ:**<br>**(ক) ডিজিটাল সেন্টার থেকে এজেন্ট ব্যাংকিং সেবা চালুকরণ:** এটুআই প্রোগ্রাম হতে ডিজিটাল সেন্টার থেকে এজেন্ট ব্যাংকিং সেবা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। | এটুআই এবং ব্যাংক কর্মকর্তাদের সাথে কথা বলে অতিদ্রুত কর্মশালাটি সমাপ্ত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
| | **(খ) জাতীয় শিক্ষক বাতায়ন ও মাল্টিমিডিয়া ক্লাশরুমের মাধ্যমে শতভাগ পাঠদান:**<br>মো: আনোয়ার হোসেন , জেলা শিক্ষা অফিসার, বরিশাল সভাকে জানান যে, বরিশাল জেলায় জাতিয় শিক্ষক বাতায়ন ও মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে শতভাগ পাঠদানের নিমিত্তে সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের নিয়ে প্রতিটি উপজেলার একটি ইউনিয়নকে বাছাই করে একটি ক্রাশ পোগ্রাম করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | জেলা শিক্ষা অফিসার, বরিশালের পরিকল্পনাকে স্বাগত এবং সর্বাত্মক সাহায়তা প্রদান করা হবে। | জেলা শিক্ষা আফিসার বরিশাল। |

(মো: হাবিবুর রহমান)
জেলা প্রশাসক
বরিশাল

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.০৬.০০১.১৭-২০৭ তারিখ: ১২ আশ্বিন ১৪২৪ / ২৭ সেপ্টেম্বর ২০১৭

অনুলিপি : সদয় অবগতির জন্য/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য
৬। পুলিশ সুপার, বরিশাল।
৭। অধ্যক্ষ, সরকারি বি.এম কলেজ, বরিশাল
৮। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, বরিশাল
৯। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল
১০। অধ্যক্ষ, অমৃত লাল দে কলেজ, বরিশাল
১১। বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, বরিশাল
১২। সহকারী কমিশনার, ........................................... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
১৩। জেলা শিক্ষা অফিসার, বরিশাল
১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল
১৫। প্রধান শিক্ষক, সরকারি জিলা স্কুল, বরিশাল
১৬। প্রধান শিক্ষক, সরকারি বালিকা বিদ্যালয়, বরিশাল
১৭। প্রোগ্রামার ও ইনচার্জ, বিসিসি, বরিশাল
১৮। উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার, ..............................উপজেলা, বরিশাল।
১৯। ....................................................সহকারী প্রোগ্রামার, ..............................., বরিশাল
২০। জনাব মো: অলি উর রহমান, ফ্রিল্যান্সার
২১। জনাব সালেহীন সানি, ফ্রিল্যান্সার
২২। জনাব খন্দকার রাকিব, প্রকাশক ও সম্পাদক, বরিশাল ক্রাইম নিউজ ডট কম
২৩। জনাব মো: সিদ্দিকুর রহমান, স্টাফ রিপোর্টার, দৈনিক আজকের পরিবর্তন
২৪। ..........................................................................., বরিশাল

(মো: আবুল কালাম তালুকদার)
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
বরিশাল
ই-মেইল: adcedubarisal@yahoo.com
ফোন: ০৪৩১-৬৪৯১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,পটুয়াখালী
(আইসিটি সেল )
www.patuakhali.gov.bd
জেলা ইনোভেশন টিমের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আলমগীর হোসেন<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>পটুয়াখালী। |
| তারিখ | : | ২০-০৮-২০১৭ খ্রিস্টাব্দ। |
| সময় | : | বেলা ১২.৩০ টা। |
| আলোচ্য মাস | : | জুলাই ২০১৭। |
| স্থান | : | জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ পাঠ করেন এবং কোন প্রকার সংশোধনী ব্যতিরেকে উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে ২০২১ সালের মধ্যে জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ, জবাবদিহিতার ভিত্তিতে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার অভিপ্রায়ে উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে নিম্নোক্ত বিবেচ্য বিষয়সমূহ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।

উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ:

- স্বল্প সময়ে সেবা প্রদান
- সেবা গ্রহণে ব্যয় লাঘব
- সেবা গ্রহীতার যাতায়াত হ্রাসকরণ
- উদ্ভাবন ধারণার বিকাশ ও যাচাই
- সেবায় নাগরিকের ভোগান্তি লাঘব
- সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীর মধ্যে সরাসরি সংযোগ স্থাপন
- সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন
- সেবার সহজিকরণ
- জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো
- জনকল্যাণ ও উন্নয়নমুখী প্রশাসন গড়ে তোলা

কর্মপরিকল্পনায় উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পর্যায়ে প্রতিমাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এ কার্যালয়ের ফ্রন্টডেস্ক শাখা থেকে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের আবেদন ফরমপূরণ করে দেয়া হবে। একই সাথে ক্ষতিপূরণের চেক হস্তান্তরের তারিখ সম্বলিত একটি টোকেনও সরবরাহ করা হবে যাতে নির্দিষ্ট দিনে সেবা গ্রহীতা দালালের খপ্পরে পড়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ না হন। এই সেবা পেতে কোন হয়রানির শিকার হলে ফ্রন্টডেস্ক এ স্থাপিত কলিংবেল এ সেবা গ্রহীতা চাপ দিলে ভূমি অধিগ্রহণ কর্মকর্তা নিজে এসে সেবা গ্রহীতার সমস্যার সমাধান দিবেন এবং রেকর্ড রুম হতে কোন খতিয়ানের নকল [illegible] কাছে না গিয়ে ফ্রন্টডেস্কে এসে সেবা গ্রহীতা খতিয়ানের নকলের জন্য আবেদন ফরম পূরণ করবেন। একই সাথে

পেতে দালালের কাছে না গিয়ে ফ্রন্টডেস্কে এসে সেবা গ্রহীতা খতিয়ানের নকলের জন্য আবেদন ফরম পূরণ করবেন। একই সাথে খতিয়ানের নকল সরবরাহের তারিখ সম্বলিত টোকেন সেবা গ্রহীতাকে দেয়া হলে যাতে বিনা হয়রানিতে তিনি নির্দিষ্ট সময়ে সেবা পাবেন। এ বিষয়ে তদারকির জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তা এবং সহকারী কমিশনার (রেকর্ড রুম) কে নির্দেশ প্রদান করা হয়।

অনলাইনে উদ্যোক্তাদের মাধ্যমে নকল সরবরাহের জন্য সহকারী প্রোগ্রামার ও টেকনিশিয়ানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের তাগিদ প্রদান করা হয়। এ বিষয়ে নিয়মিত তদারকি করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশ প্রদান করা হয়। এই উদ্যোগে জনগণের দোরগোড়ায় সেবা পৌছানো যাবে এবং দালালের দৌরত্ব দূর করা সম্ভব হবে। সভাপতি আরো বলেন এ উদ্যোগে জনগণের অর্থ ও সময় বাঁচবে এবং ভোগান্তির হাত থেকে সাধারন মানুষ রক্ষা পাবে । এ উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে নিয়মিত তদারকি করার জন্য নির্দেশ প্রদান করা হয় ।

জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার টেকসই সংস্কৃতির সূচনা করার ক্ষেত্রে 'পটুয়াখালী জেলা ইনোভেশন টিম'-কে ইতিবাচক ভূমিকা রাখার লক্ষ্যে বছরব্যাপী সক্রিয় কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৮/১৭

মোঃ আলমগীর হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ও
ইনোভেশন কর্মকর্তা
পটুয়াখালী ।
ফোন : ০৪৪১-৬২৩০০

স্মারক নম্বর- ০৫.১০.৭৮০০.০২৮.০৪.০০৫.১৭-৯৫৪

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৪
২০ আগস্ট ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কার্যনির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৪. বিভাগীয় কমিশনার, বরিশাল।
০৫. জাতীয় প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাঁও, ঢাকা।
০৬. পুলিশ সুপার, পটুয়াখালী।
০৭. উপজেলা নির্বাহী অফিসার,---------------------------------------------(সকল)।
০৮. জনাব ------------------------------------------------------------------

২০/৮/১৭

অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
পটুয়াখালী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(আইসিটি শাখা)
www.bhola.gov.bd

## জেলা ইনোভেশন টিমের সেপ্টেম্বর, ২০১৭ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব সুব্রত কুমার সিকদার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ভোলা।
স্থান : জেলা প্রশাসক, ভোলা এর সম্মেলন কক্ষ।
তারিখ : ২৪/০৯/২০১৭ খ্রি:।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে রক্ষিত:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি জেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা, ২০১৭ এ গৃহীত কার্যক্রমের বিষয়ে আলোচনা করেন। তিনি আরো বলেন মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনার এর কার্যালয় থেকে ইনোভেশন সংক্রান্ত তথ্য চাওয়া হয়। উক্ত তথ্য যথাযথভাবে প্রেরণ করার নিমিত্ত জেলা এবং উপজেলা ইনোভেশন টিমকে আরো সোচ্চার হতে হবে।এছাড়া নতুন নতুন আইডিয়া বের করতে হবে। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ওয়েব পোর্টালে তথ্য আপলোডকরণ। | সহকারী প্রোগ্রামারকে ওয়েব পোর্টালের প্রতিটি লিংকের তথ্য আপলোড করতে হবে। | ১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সদর কার্যালয়, ভোলা। |
| ০২ | বিগত জানুয়ারী থেকে মে পর্যন্ত ই-ফাইলিং এ ভোলার অবস্থান ভাল ছিল কিন্তু ধীরে ধীরে তা নিম্নে ধাবিত হচ্ছে। | সেপ্টেম্বর, ২০১৭ মাসে জেলা ই-ফাইল (নথি) কার্যক্রমে ভোলাকে আরো উন্নততর অবস্থানে আনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সকল শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা। |
| ০৩ | জেলা ইনোভেশন টিম কর্তৃক নতুন নতুন ইনোভেশন আইডিয়া গ্রহণ। | জেলা ইনোভেশন টিম কর্তৃক নতুন নতুন ইনোভেশন আইডিয়া গ্রহণ করতে হবে। | জেলা ইনোভেশন টিম |
| ০৩ | উপজেলার বিভিন্ন অফিস থেকে উদ্ভাবনী আইডিয়া প্রেরণ | উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিসে নাগরিক সেবা প্রদানের জন্য উদ্ভাবনী আইডিয়া গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা |
| ০৪ | চলমান উদ্ভাবনী আইডিয়া পরিদর্শন | অত্র জেলায় বর্তমানে চলমান উদ্ভাবনী আইডিয়াগুলো সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানসহ জেলা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তাগণ মনিটরিং করবেন। | সংশ্লিষ্ট সকল |
| ০৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সিস্টেমে তথ্য আপলোডকরন | মাল্টিমিডিয়া ক্লাসরুম সিস্টেমে নিয়মিত তথ্য আপলোড করার ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা শিক্ষা অফিসার, ভোলাকে অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে। | জেলা শিক্ষা অফিসার, ভোলা। |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.১০.১৭

(সুব্রত কুমার সিকদার)
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
ভোলা।

নং ০৫.১০.০৯০০.২৩.০২.০০০.১৩- ১৪৩২

তারিখ: ১৮/১০/২০১৭খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।
৩। মহাপরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, বরিশাল।
৫। জেলা প্রশাসক, ভোলা।
৬। জেলা ..........................................কর্মকর্তা, ভোলা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)......................................
৮। জনাব.................................

১৮.১০.১৭

অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
ভোলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয় পিরোজপুর
(আইসিটি সেল)
www.pirojpur.gov.bd

## জেলা ইনোভেশন টিমের সেপ্টেম্বর/১৭ মাসের সভার কার্য বিবরণী

সভাপতি : মোঃ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), পিরোজপুর।

সভার স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)এর অফিস কক্ষ।

সভার তারিখ ও সময় : ১৭ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ, বেলা ১২:৩০ টা।

সভায় উপস্থিত : পরিশিষ্ট ''ক'' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে বর্তমান সরকার রূপকল্প-২০২১ ঘোষণা করেছেন। এ রূপকল্প বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম দেশ ব্যাপী নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। দেশের প্রান্তিক ও দরিদ্র জনগোষ্ঠী যাতে সহজে, দ্রুত এবং স্বল্প ব্যয়ে সরকারি এবং বেসরকারি সেবাসমূহ গ্রহণ করতে পারে, সে লক্ষ্যে নতুন নতুন সেবা উদ্ভাবন এবং তার প্রসারের নিমিত্তে জেলা ও উপজেলা ইনোভেশন টিমসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অত:পর পিরোজপুর জেলায় চলমান পাইলট উদ্ভাবনী উদ্যোগ সমূহের প্রতিবেদন এবং ২০১৭ সালে নতুন উদ্যোগ গ্রহন সংক্রান্ত বিষয়ে সভায় উপস্থাপন করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), পিরোজপুরকে অনুরোধ জানানো হয়।

**চলমান পাইল উদ্যোগের প্রতিবেদনঃ** পিরোজপুর জেলায় চলমান উদ্ভাবনী উদ্যোগ সমূহের প্রতিবেদন নিমণরূপ:

| ক্র.নং | উদ্ভাবন | বাস্তবায়নকারী | অর্জিত ফলাফল |
|---|---|---|---|
| ১ | ভূমি সেবা সহজীকরণে ভূমি সেবা গৃহ | সহকারী কমিশনার (ভূমি), পিরোজপুর সদর | ক) হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে।<br>খ) সকল প্রকার গণশুনানী গ্রহণ হয়েছে।<br>গ) মোবাইল মেসেজের মাধ্যমে সেবা গ্রহীতাদের সেবা সম্পর্কে অবহিত করণ হয়ে থাকে। |
| ২ | প্রতি পরিবারে পরিবার পরিকল্পনা সেবা | জনাব মোঃ সোহাগ হোসেন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ইন্দুরকানী | ইন্দুরকানী উপজেলার পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারী প্রতি প্ররিবারের সাথে সংশ্লিষ্ট এলাকার স্বাস্থ্যকর্মীর সাথে সার্বক্ষনিক যোগাযোগের মাধ্যমে পরামর্শ প্রদান করা হচ্ছে। |
| ৩ | ভোগান্তিহীন ভিজিডি কার্যক্রম | জনাব আনোয়ারা বেগম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ইন্দুরকানী | * এক্সেল শিটের মাধ্যমে উপকার ভোগীর তালিকা প্রস্তুত করা হয়েছে।<br>* উক্ত তালিকা থেকে পর্যায়ক্রমে ভিজিডি ভাতা প্রদান করা হয়ে থাকে।<br>* পূর্বের চেয়ে দ্রুততম সময়ে কাজটি নিষ্পত্তি হচ্ছে |
| ৪ | হারালেও পাস বই সহজেই পাবেন ডুপ্লিকেট বই | জনাব মোঃ ইব্রাহিম খলিল উপজেলা সমাজসেবা অফিসার নেছারাবাদ | নেছারাবাদ উপজেলায় কার্যক্রম চলমান থাকায় ভোগান্তিহীন উপকার ভোগীরা সহজেই হারানো পাসবই এর ডুপ্লিকেট বই পাচ্ছে। |
| ৫ | যুব ই-প্রশিক্ষণ | জনাব মোঃ সেকেন্দার আলী হাওলাদার উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর | * প্রচলিত পদ্ধতির পাশাপাশি ই-মেইলে প্রশিক্ষণের আবেদন গ্রহণ করা হচ্ছে।<br>* প্রশিক্ষণের আবেদন দাখিল করার নিয়মাবলী ওয়েবসাইটে সংযোজন করা হয়েছে। |
| ৬ | জনবান্ধব বর্হি বিভা' | ডাঃ জান্নাতুল মাওয়া, রেডিওলজিষ্ট সদর হাসপাতাল, পিরোজপুর | প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পিরোজপুর সদর হাসপাতালে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে বর্হি বিভাগকে জনবান্ধব করা হয়েছে |
| ৭ | টেকসই সার/বালাই ব্যবস্থাপনা apps | জনাব মোঃ শওকত হোসেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মঠবাড়ীয়া | প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একটি apps তৈরী করে সংশ্লিষ্ট এলাকার ব্লগ সুপারভাইজারের মাধ্যমে কৃষকদের মোবাইলে ইস্টল করে দেয়া হয়েছে। |
| ৮ | শিক্ষকের দোড়গোড়ায় পেনশন | জনাব শেখ আব্দুল গনি উপজেলা শিক্ষা অফিসার, ভান্ডারিয়া | প্রকল্প বাস্তবায়নের ফলে ভান্ডারিয়া উপজেলার অবসরগ্রহণকারী শিক্ষকদের যথাসময়ে তাদের পেনশন প্রদান নিশ্চিত করা হয়েছে। |

উপরোক্ত বিষয় সমূহ সবিস্তরে আলোচনান্তে নিম্নবর্ণি ত সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে গ্রহণ করা হয়

১। যে সকল সরকারি দপ্তর সরাসরি জনসাধারণকে সেবা প্রদান করে থাকে সে সকল সরকারি দপ্তর হতে কমপক্ষে একটি সেবা সহজীকরণ পদ্ধতি তৈরী করতে হবে।

২। যে সকল কর্ম কর্তাগণচলতি অর্থ-বছরে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করেছেন তারা আগামী মাসের সভার পূর্বে একটি করে উদ্ভাবনী পাইলট উদ্যোগ গ্রহণ করে নির্ধ ারিতছকে জেলা ও উপজেলা ইনোভেম টিমের নিকট দাখিল করবেন।

৩। প্রাপ্ত আইডিয়াগুলো প্রদর্শ নের মাধ্যমে মূল্যায়ন করা হবে এবং নির্ব াচিত আইডিয়াগুলো বিভাগীয় ইনোভেশন সার্কেলে প্রদর্শ নের জন্য প্রেরণ করা হবে।

৪। জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরের জনবলকে আইসিটিতে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে নিজ নিজ ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

৫। জেলায় সফলভাবে সমাপ্ত পাইলট উদ্যোগসমূহ অন্যান্য উপজেলায় বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। জেলা ইনোভেশন টিম কর্তৃক প্রণীত ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম পরিকল্পনার বাস্তবায়ন বিষয়ে স্বস্ব বাস্তবায়নকারীকে অতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পরিশেষে সভাপতি বলেন তথ্য প্রযুক্তি সাধারণ মানুষের কাছাকাছি নিয়ে যেতে হলে সমস্যা থাকা সত্ত্বেও কাজ এগিয়ে নিতে হবে। পর্য ায়ক্রমে উপস্থাপিত সমস্যা সমূহ সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার অনুরোধ জানান। পরিশেষে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ মোস্তাফিজুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বি ক)
ও
জেলা ইনোভেশন অফিসার
পিরোজপুর।

স্মারক নং- ০৫.১০.৭৯০০.১২২.০৬.০০২.১৬-২৭২(৪)

তারিখঃ ১৭/০৯/২০১৭ খ্রিঃ
০২/০৬/১৪২৪ বঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্য ালয়,ঢাকা।
৪। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পুলিশ সুপার, পিরোজপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৭। সিভিল সার্জন, পিরোজপুর।
৮। প্রধান নির্ব াহী কর্ম কর্তা, জেলা পরিষদ, পিরোজপুর।
৯। অধ্যক্ষ, সরকারি সোহরাওয়ার্দী কলেজ/সরকারি মহিলা কলেজ, পিরোজপুর।
১০। মেয়র, পিরোজপুর পৌরসভা।
১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পিরোজপুর সদর।
১২। নির্ব াহী প্রকৌশলী................................................., পিরোজপুর।
১৩। উপ-পরিচালক, ..........................................., পিরোজপুর।
১৪। উপজেলা নির্ব াহী অফিসার(সকল),............................ পিরোজপুর।
১৫। ..........................................................................., পিরোজপুর।
১৬। জনাব ....................................................., পিরোজপুর।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বি ক)
ও
জেলা ইনোভেশন অফিসার
পিরোজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা

আইসিটি শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নুরুজ্জামান<br>অতিরিক্ত জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৮.০৯.২০১৭ |
| সভার সময় | বিকাল ৪-০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ,বরগুনা। |
| উপস্থিতি | ... |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় জেলা প্রশাসক মহোদয় উপস্থিত থেকে ইনোভেশন সংক্রান্ত উদ্যোগকে স্বাগত এবং বরগুনা জেলার ইনোভেশন টিমের ২০১৭ সাং মাসে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণীউপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় ইহা দৃঢ়ীকরণ করা হয় । অত:পর ইনোভেশন বিষয়ক কার্যক্রম সম্পর্কে সকলের অভিমত গ্রহণ করা পরিচালক, পরিবার পরিকল্পনা, উপ-

পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা শিক্ষা অফিসার, বরগুনা নিজ নিজ দপ্তরের ইনোভেশন সংক্রান্ত অগ্রগতি কার্যক্রম সভায় উপস্থাপন করেন । সভাপতি সেবা গ্রহীতা

০১।ভিক্ষুকমুক্ত, বরগুনা গঠনে দেশের মধ্যে সবপ্রথম Wellfarebarguna নামের ওয়েবসাইট চালু হয়েছে এবং এটি প্রতিনিয়ত সমৃদ্ধ হয়েছে।এ বিষয়ে উপ-

পরিচালক সমাজসেবা তাদের দপ্তরে ভিক্ষুকদের তালিকা তৈরীর কাজ অনলাইনে সম্পন্ন হবে মর্মেসভাকে অবহিত করেন। এ ছাড়া বয়স্ক ভাতা/বিধবাভাতা/প্রতিবন্ধীদের ডাটাবেজ তৈরীর কাজ অনলাইনে সম্পন্ন করেছেন।

০২। জেলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের কার্যক্রমের উপর উপ-

পরিচালক, পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বরগুনা জানান যে, তিনি গর্ভবতী মায়েদের ডাটাবেজ তৈরীর কাজ শুরু করেছেন। গর্ভবতী মায়েরা যাতে বাড়ীতে বসে চিকিৎসা সুবিধা পেতে পারে সে লক্ষ্যে তাদের মোবাইল নম্বর সংরক্ষণ ও মোবাইল মেসেস এর মাধ্যমে সেবা প্রদান এবং তাদের স্বাস্থ্য বিষয়ক খোঁজ রাখেন মর্মে সভায় অবহিত করেন।

০৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তিনি সুবিধাভোগী সকল মহিলাদের ডাটাবেইজ তৈরীর কাজ অনলাইনে সম্পন্ন করেছেন।

০৪। বরগুনার নাগরিক ভাবনা ফেসবুক পেজ ও "Citizen's Voice-Barguna" ফেসবুক গ্রুপ দুটি জেলা প্রশাসন,বরগুনার তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে। উক্ত সোশ্যাল মিডিয়া দুটিতে বরগুনাসহ দেশ বিদেশের অনেক ফেসবুক ব্যবহারকারী জনদুর্ভোগ ও নাগরিক সমস্যা নিয়ে নিয়মিত পোষ্ট দিয়ে থাকেন। এ দুটি সমাজিক যোগাযোগ পেজ/গ্রুপ উর্দ্ধতন কর্মকর্তাগণ নিয়মিত মনিটরিং করার জন্য সহকারী কমিশনার আইসিটিকে পরামর্শ প্রদান করা হয়।

০৫।লঞ্চ ও বাস যাত্রীদের সেবা সহজীকরণের লক্ষ্যে লঞ্চ ও বাসে E ticketingএর মাধ্যমে যাত্রীদেরসেবা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। এ ছাড়া যাত্রীদের অবগতির জন্য ভাড়া নির্ধারণ করে লিফলেট আকারে প্রতিটি বাসে ও কাউন্টারে লাগিয়ে দেয়া হয়েছে।

০৬। জেলা পর্যায়ে নাগরিক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে এবং কাজে স্বচ্ছতা আনয়নের জন্য এ কার্যালয়ের প্রতিটি শাখায় এবং জেলা প্রশাসনের মূল ফটকে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়। এ ছাড়া সময় সাশ্রয়ের জন্য এ কার্যালয়ে ডিজিটাল হাজিরা স্থাপন করা হয়। ফলে কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে কাজের গতি বৃদ্ধি পেয়েছে।

০৭। জেলা প্রশাসনের উদ্যোগে বাস্তবায়িত এনজিও পোর্টালটি নিয়মিত আপডেট করার জন্য সহকারী কমিশনার আইসিটিকে পরামর্শ প্রদান করা হয়।

০৮। জেলা মাসিক উন্নয়ন সমন্বয় সভায় সদস্যগনকে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম এবং পোর্টাল হালনাগাদ করার বিষয়ে অবহিত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। জেলা পর্যায়ে গঠিত ইনোভেশন কমিটির সহযোগিতায় জেলা ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সহকারী প্রোগ্রামারকে দায়িত্ব প্রদান করা হয়।

১০। নাগরিক সেবায় উদ্ভাবন বিশয়ক কর্মশালায় যে সকল কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের নিজ নিজ কর্মস্থলে উদ্ভাবনী উদ্যোগ আরো গতিশীল করার জন্য উপজেলা ইনোভেশন কমিটিকে সক্রিয়ভাবে কাজ করার পরামর্শ প্রদান করা হয়।

সভায় বিভাগীয় পর্যায়ে যে সকল কর্মকর্তা "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক কর্মশালায় প্রশিক্ষণ শেষে নিজ নিজ দপ্তরে সফলতার সাথে এ প্রকল্পের উদ্যোগ গ্রহণ করেছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এ উদ্দীপনার ধারাকে অব্যাহত রাখতে সকলের ঐকান্তিক প্রচেষ্টার বিকল্প নেই মর্মে সভাপতি উল্লেখ করেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় সকলের সহযোগিতা ও সুদৃষ্টি যাচনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নুরুজ্জামান
অতিরিক্ত জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.১০.০৪০০.১২৩.১৯.০০৩.১৭.৪৬

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৪
১০ অক্টোবর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল

মোঃ নুরুজ্জামান
অতিরিক্ত জেলা প্রশাসক

## ঝালকাঠি জেলার ইনোভেশন টিমের সেপ্টেম্বর-২০১৭ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: সাইদুজ্জামান<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) |
| সভার তারিখ | : | ১৭-০৯-২০১৭ |
| সভার সময় | : | দুপুর ১২:৩০ টা |
| স্থান | : | জেলা প্রশাসক, ঝালকাঠি-এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

আলোচনার প্রারম্ভে সভাপতি জানান যে, কম খরচে ও দ্রুত সময়ে জনগণের দোরগোঁড়ায় সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি সরকারি দপ্তরে নাগরিক সেবা উদ্ভাবন করার নির্দেশনা রয়েছে। নাগরিক সেবা উদ্ভাবনের জন্য প্রত্যেকটি দপ্তরকে পদক্ষেপ নিতে অনুরোধ করা হয়। নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে তিনি উপস্থিত সদস্যবৃন্দকে মতামত উপস্থাপন করতে বলেন।

সভায় উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর বলেন যে নারী ও শিশুর প্রতি নিপীড়নমূলক সকল কর্মকাণ্ড বন্ধ করার লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পর্যায়ে ছাত্র-ছাত্রী ও যুবসমাজকে নিয়ে একটি করে সামাজিক টিম গঠন করে দেয়া যেতে পারে, যার দায়িত্ব হবে স্বেচ্ছাসেবার উদ্দেশ্যে স্থানীয় প্রতিটি নির্যাতন ও হয়রানি বন্ধ করা বা দোষীদেরকে আইনের হাতে তুলে দেয়ায় সহায়তা করা।

উপপরিচালক, বিআরডিবি বলেন যে বাংলাদেশের গ্রামাঞ্চলে বিভিন্ন মহাজনের সুদের ব্যবসা চালু রয়েছে যেগুলো চড়া সুদে গ্রামীণ কৃষক-মজুরদেরকে ঋণ দান করে। বাধ্য হয়ে গরিব মানুষ সেই ঋণ গ্রহণ করে। এবং ফলশ্রুতিতে সেই ঋণের বোঝা মাথায় নিয়ে দিশেহারা হয়ে আত্মহত্যা পর্যন্ত করে। এই সুদের কারবারিদের হাত থেকে তাদের মুক্ত করার জন্য সরকারি উদ্যোগে তাদের জামানত বিহীন স্বল্প সুদে ঋণ দেয়া এবং প্রয়োজনীয় আনুষঙ্গিক লজিস্টিক সুবিধা দিয়ে এগিয়ে নিতে পারলে এসডিজি অর্জনের পথে দেশ আরো এগিয়ে যেত।

জনাব সাখাওয়াত হোসেন, সহকারী কমিশনার (আইসিটি) [অতি. দা.], জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি সভায় প্রস্তাব করেন যে, জেলা প্রশাসক, ঝালকাঠি মহোদয়ের কার্যালয়ে নিয়োজিত যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি ও বেসরকারিভাবে দাপ্তরিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন এবং ভবিষ্যতে প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন তারা যেন নিজ কার্যালয়ে ফিরে এসে অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদেরকে এ প্রশিক্ষণ সম্বন্ধে অবগত করতে পারেন, সে লক্ষ্যে একটি Feedback Session এর আয়োজন করা যেতে পারে।

জেলা শিক্ষা কর্মকর্তা প্রস্তাব করেন, স্কুলে মেয়েদের বয়ঃসন্ধিকালীন সমস্যার জন্য প্রয়োজনীয় সামগ্রী বিতরণের ব্যবস্থা রাখা যেতে পারে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: সাইদুজ্জামান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
ইনোভেশন অফিসার, ঝালকাঠি
ফোন : ০৪৯৮-৬৩৩২৬

স্মারক নম্বর: ০৫.১০.৪২০০.০০৮.০৩.০০১.১৫-৬৯ তারিখ: ১২ অক্টোবর ২০১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো:

| | | |
|---|---|---|
| ১। | বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল | সদয় অবগতির জন্য |
| ২। | জেলা প্রশাসক, ঝালকাঠি | |
| ৩। | উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ<br>আইসিটি অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | |
| ৪-৫। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার<br>ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া | |
| ৬-১২। | জনাব/বেগম------------------------------------<br>------------------------------------------ | |

মো: সাইদুজ্জামান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
ইনোভেশন অফিসার, ঝালকাঠি
ফোন : ০৪৯৮-৬৩৩২৬

Scanned by CamScanner